



শেহেরবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেহেরবাংলা নগর, ঢাকা-১২০৭
www.sau.edu.bd

স্মারক নং : শেকৃবি/একা/৩(৩২)/১৪/ ৫৮১২

তারিখ : ১৮/০৮/২০১৪

ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ-২০১৫

শেহেরবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০১৫ শিক্ষাবর্ষে বিএসসি এজি (অনার্স), বিবিএ (এগ্রিবিজনেস) ও বিএসসি ভেট সায়েন্স এন্ড এ এইচ কোর্সে লেভেল-১, সেমিস্টার-১ এ ভর্তি হতে আগ্রহী প্রার্থীদের নিকট হতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনের সময়সীমা ০১-০৯-২০১৪ থেকে ৩০-০৯-২০১৪ তারিখ পর্যন্ত।

১। আবেদনের ন্যূনতম যোগ্যতা

- বিজ্ঞান গ্রুপে ২০১১ বা ২০১২ সালে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (SSC) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ২০১৩ বা ২০১৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (HSC) বা সমমানের পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান বিষয়সমূহের প্রত্যেকটিতে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে।
- SSC/সমমান ও HSC/সমমান এর প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০০ সহ সর্বমোট জিপিএ ন্যূনতম ৭.০০ থাকতে হবে।
- GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশকৃত প্রার্থীর ক্ষেত্রে 'O' লেভেল পরীক্ষায় ৫টি পেপারে ন্যূনতম B গ্রেড এবং 'A' লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান বিষয়সমূহের প্রত্যেকটিতে ন্যূনতম B গ্রেড থাকতে হবে।

২। আবেদন করার নিয়ম

- ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের ফরম কেবলমাত্র অনলাইনে পূরণ করা যাবে এবং আবেদন ফি ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেডের মাধ্যমে প্রদানযোগ্য হবে।
- ফরম পূরণের সময় প্রার্থীর একটি পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙিন ছবি (স্ক্যানকৃত বা মেমোরি কার্ড থেকে) আপলোড করতে হবে।
- শেহেরবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.sau.edu.bd) গিয়ে অনলাইনে আবেদন ফরম যথাযথভাবে পূরণ করা হলে সাথে সাথে প্রার্থীকে একটি ID No. দেওয়া হবে। ID No. সম্বলিত এই ডকুমেন্ট প্রিন্ট করে রাখতে হবে। টাকা জমা দেওয়া ও প্রবেশপত্র পাওয়ার জন্য এটি পরে প্রয়োজন হবে।
- এ ID No. এর বিপরীতে ডাচ্-বাংলা ব্যাংকের (DBBL) যে কোন মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে শেহেরবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ৪৪৪ (৮৮৮) নং অ্যাকাউন্টে আবেদন ফি ৮০০/- (আটশত) টাকা জমা দিতে হবে। এছাড়া সাধারণ ব্যাংকিং এর মাধ্যমে ডাচ্-বাংলা ব্যাংকের যে কোন শাখা থেকে টাকা জমা দেওয়া যাবে। সেক্ষেত্রে অ্যাকাউন্ট নং-1481510021188, অ্যাকাউন্ট নাম- SAU New Student Admission Fund এবং প্রদানকারীর নামের জায়গায় ID No. টি লিখতে হবে। ID No. না থাকলে প্রবেশপত্র প্রদান করা সম্ভব হবে না।
- টাকা জমা হওয়ার ০৩ (তিন) দিন পর প্রার্থীর প্রবেশপত্র ওয়েবসাইটে দিয়ে দেওয়া হবে। ID No. ব্যবহার করে ওয়েবসাইট থেকে প্রবেশপত্রটি প্রিন্ট করে নিতে হবে। ভর্তি পরীক্ষার সময় প্রবেশপত্র অবশ্যই সাথে থাকতে হবে।
- আগ্রহী বিদেশী প্রার্থীগণ রেজিস্ট্রার কার্যালয় থেকে ভর্তির নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে আবেদন করতে পারবে।

৩। ভর্তি পরীক্ষা

- অত্র বিশ্ববিদ্যালয়ের তিনটি অনুষদে ভর্তির জন্য একটি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিভিন্ন অনুষদে আসন সংখ্যাঃ কৃষি-৩৫০, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট-৭৫ ও এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন-৭৫। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ মেধা তালিকার প্রার্থীদের অনুষদ পছন্দক্রমে ভর্তির সময় গ্রহণ করা হবে।
- সাধারণ জ্ঞান, ইংরেজি এবং উচ্চ মাধ্যমিক পাঠ্যক্রম অনুযায়ী পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান বিষয়গুলোর উপর MCQ পদ্ধতিতে ১০০ নম্বরের ১ (এক) ঘণ্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর বিয়োগ করা হবে।
- হ্রেডিং পদ্ধতিতে SSC/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৮ গুণ এবং HSC/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১২ গুণ নম্বর লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে মোট ২০০ নম্বরের উপর মেধা তালিকা প্রস্তুত করা হবে।

- (ঘ) মুক্তিযোদ্ধা, ওয়ার্ড (পোষ্য), উপজাতি, আদিবাসী, হরিজন ও দলিত সম্প্রদায় কোটায় ভর্তির জন্য শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এতদসংক্রান্ত বিধি মোতাবেক আসন সংখ্যা সংরক্ষিত থাকবে।
- (ঙ) লিখিত পরীক্ষা আগামী ১৪ নভেম্বর ২০১৪ শুক্রবার সকাল ১০:০০ টায় অনুষ্ঠিত হবে। পরীক্ষা কেন্দ্রের নাম যথাসময়ে SMS এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। বর্ষিত সময়সূচির কোন পরিবর্তন হলে তাও জানানো হবে।
- (চ) ভর্তি পরীক্ষার সময় প্রার্থীকে প্রবেশপত্র ও কালো কালির বলপেন সাথে নিয়ে আসতে হবে। ক্যালকুলেটর, মোবাইলফোনসহ কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে আনা ও ব্যবহার করা যাবে না।

৪। গুরুত্বপূর্ণ তারিখসমূহ


অনলাইনে আবেদন	০১ সেপ্টেম্বর ২০১৪ থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৪ রাত ১২:০০ টা পর্যন্ত
আবেদন ফি জমা	০২ অক্টোবর ২০১৪ রাত ১২:০০ টা পর্যন্ত
অনলাইনে প্রবেশপত্র সংগ্রহ	ফি জমা দেওয়ার তিন দিন পর থেকে ৩১ অক্টোবর ২০১৪ পর্যন্ত
ভর্তি পরীক্ষা	১৪ নভেম্বর ২০১৪ শুক্রবার সকাল ১০:০০ টা
ফল প্রকাশ	২০ নভেম্বর ২০১৪ তারিখের মধ্যে
মেধা তালিকা থেকে ভর্তি	২১ ও ২২ ডিসেম্বর ২০১৪ অফিস চলাকালীন সময়ে
অপেক্ষমাণ মেধা তালিকা থেকে ভর্তিচ্ছুক প্রার্থীদের প্রবেশপত্র জমা ও ফল প্রকাশ	২৩ ডিসেম্বর ২০১৪ বেলা ২:০০ টার মধ্যে রেজিস্ট্রার কার্যালয়ে অপেক্ষমাণ মেধা তালিকা থেকে ভর্তিচ্ছুক প্রার্থীদের প্রবেশপত্র জমা দিতে হবে এবং একই দিন মেধাক্রম অনুসারে ভর্তিযোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে
অপেক্ষমাণ মেধা তালিকা থেকে ভর্তি	২৪ ডিসেম্বর ২০১৪ অফিস চলাকালীন সময়ে
ওরিয়েন্টেশন	১ জানুয়ারি ২০১৫ সকাল ১০:০০ টায় বিশ্ববিদ্যালয় মিলনায়তনে
ক্রাশ শুরু	৪ জানুয়ারী ২০১৫

৫। ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে

- (ক) শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত SSC/সমমান ও HSC/সমমান পরীক্ষার মূল/সাময়িক সার্টিফিকেট
- (খ) শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত SSC/সমমান ও HSC/সমমান পরীক্ষার মূল গ্রেডসীট
- (গ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের তিন কপি সত্যায়িত (প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক) রঙিন ছবি
- (ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার নাতি/নাতনীসহ কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র অথবা ১৯৯৭ সন থেকে ২০০১ সন পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিন্বাক্ষরিত মুক্তিযোদ্ধার সনদপত্র। নাতি ও নাতনীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সহিত আত্মীয়তার সম্পর্ক প্রমাণের জন্য ইউনিয়ন পরিষদ/ওয়ার্ড কমিশনারের সার্টিফিকেট দাখিল করতে হবে।
- (ঙ) ওয়ার্ড (পোষ্য) কোটার ক্ষেত্রে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রারের প্রত্যয়নপত্র
- (চ) উপজাতি/আদিবাসী/হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সনদপত্র

৬। অন্যান্য লক্ষণীয় বিষয়

- (ক) ভর্তি সংক্রান্ত বিষয়ে ভুল তথ্য সরবরাহকারীর ভর্তি কর্তৃপক্ষ অবগত হওয়া মাত্রই বাতিল হয়ে যাবে।
- (খ) আবাসিক হলে সিটের অপ্রতুলতা হেতু ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের হলে সিট বরাদ্দের আপাতত কোন সুযোগ নেই। আবাসিক হলে সিট বরাদ্দ না পাওয়া পর্যন্ত নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে।
- (গ) ভর্তি সংক্রান্ত নিয়মাবলীর যে কোন ধারা, উপধারা পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- (ঘ) আবেদন করতে গিয়ে কোন অসুবিধায় পড়লে sauadmission@gmail.com ঠিকানায় ই-মেইল করা যেতে পারে।


 (ড. মোঃ আনোয়ারুল ইসলাম)
 রেজিস্ট্রার (অ.দা.)
 ও
 সদস্য সচিব
 ভর্তি কমিটি-২০১৫
 শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
 যোগাযোগঃ ০১৮৩২৩৯৫৮৮০